



ইরানের হামলা চললে সামরিক জবাব দেবে সৌদি: পররাষ্ট্রমন্ত্রী



সৌদি পররাষ্ট্রমন্ত্রী ফয়সাল বিন ফারহান। ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যে বাড়তে থাকা উত্তেজনার মধ্যে সৌদি আরব স্পষ্ট হুঁশিয়ারি দিয়েছে—ধৈর্যের সীমা অতিক্রম করলে কঠোর পদক্ষেপ নেওয়া হবে। দেশটির পররাষ্ট্রমন্ত্রী প্রিন্স ফয়সাল বিন ফারহান জানিয়েছেন, ইরান যদি ধারাবাহিক হামলা অব্যাহত রাখে, তবে প্রয়োজনে সামরিক ব্যবস্থা নিতে সৌদি আরব দ্বিধা করবে না। রাজধানী রিয়াদে আরব ও ইসলামি দেশগুলোর জরুরি বৈঠক শেষে তিনি বলেন, দেশের প্রতিরক্ষা সক্ষমতা যথেষ্ট শক্তিশালী হলেও ধৈর্য অসীম নয়। বর্তমান পরিস্থিতি যেকোনো সময় ভিন্ন মোড় নিতে পারে বলেও সতর্ক করেন তিনি। তার বক্তব্যে স্পষ্ট ইঙ্গিত মিলেছে কূটনৈতিক প্রচেষ্টা চললেও সামরিক বিকল্প এখন বিবেচনায় রয়েছে।

সৌদি পররাষ্ট্রমন্ত্রী আরও জানান, ২০২৩ সালে পুনরায় স্বাভাবিক হওয়া সৌদি-ইরান সম্পর্কের যে সামান্য আস্থার পরিবেশ তৈরি হয়েছিল, তা বর্তমানে পুরোপুরি ভেঙে পড়েছে। ইরানের সাম্প্রতিক ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলাকে তিনি পূর্বপরিকল্পিত এবং বৈরী পদক্ষেপ হিসেবে উল্লেখ করেন। তিনি জোর দিয়ে বলেন, প্রয়োজন হলে সামরিক জবাব দেওয়ার পূর্ণ অধিকার সৌদি আরবের রয়েছে। একই সঙ্গে সতর্ক করেন, চলমান উত্তেজনার রাজনৈতিক ও নৈতিক দায় শেষ পর্যন্ত ইরানকেই নিতে হবে।

যদিও এখনো কূটনৈতিক সমাধানকেই অগ্রাধিকার দিচ্ছে সৌদি আরব, তবে অব্যাহত হামলা পরিস্থিতিকে এমন জায়গায় নিয়ে যেতে পারে, যেখানে সংলাপের পথ সম্পূর্ণ বন্ধ হয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে।

সূত্র: আরব নিউজ